জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০
bpi.gov.bd

বিষয়: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ কে মহিউদ্দিন আহমদ, মহাপরিচালক, বিপিআই। |
| সভার তারিখ | : | ২৬/১১/২০২০। |
| সভার সময় | : | দুপুর ০২.০০ ঘটিকা। |
| স্থান | : | অনলাইন সিষ্টেম (জুম) |
| উপস্থিতি | : | রেকর্ডেড। |

সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি বিপিআই এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে বিপিআই এর কার্যক্রম ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে উপস্থাপনা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।

২। সভাপতির অনুরোধের পরিপ্রেক্ষিতে জনাব মো: সাহিদুজ্জামান উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাসমূহ উপস্থাপন করেন।

৩। এ পর্যায়ে সভাপতি প্রশিক্ষণ কার্যক্রমে সম্পৃক্ত থাকার সময় কোন সেবা সম্পর্কে অভিযোগ/পরামর্শ থাকলে বিপিআইকে অনলাইনে/ডাকযোগে অবহিত করার অনুরোধ জানিয়ে বলেন যে, সংশ্লিষ্ট কর্মকর্তা সে ব্যাপারে ব্যবস্থা নিবেন। তাছাড়া কোন পরামর্শ থাকলে তা সমাধানের ব্যবস্থা নেয়া হবে বলে জানান। তিনি প্রত্যেকের স্ব-স্ব প্রতিষ্ঠানে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম ফলপ্রসূ করার জন্য একজন কর্মকর্তা'কে দায়িত্ব প্রদানের জন্য অনুরোধ জ্ঞাপন করেন। প্রযোজ্য ক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষক দিয়ে বিপিআই সকল প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে থাকে। প্রশিক্ষণার্থীদের যদি কোন সমস্যা থেকে থাকে বা প্রশিক্ষণার্থী কোন বিষয়ে সন্তুষ্ট না হলে তা খোলামনে জানানোর জন্য তিনি অনুরোধ করেন।

৪। আলোচনায় অংশ নিয়ে বেগম নাসরিন সুলতানা, উপমহাব্যবস্থাপক (এইচআর), পেট্রোবাংলা সভাকে অবহিত করেন যে, অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে তুলনা করলে বিপিআই এর অনলাইন কোর্স 'ফি' একটু বেশী বলে প্রতীয়মান হয়। তাছাড়া খাওয়া খরচ, প্রশিক্ষণ সামগ্রী প্রদান করা হয়না। তিনি আরো বলেন যে, অনলাইনে প্রশিক্ষণ সরাসরি প্রশিক্ষণের

মত ফলপ্রসূ হয় না। অনলাইন প্রশিক্ষণে অনলাইন খরচ ছাড়া অন্য কোন খরচ নেই তাই তিনি সভায় কোর্স 'ফি' কমানো এবং প্রশিক্ষণার্থীর সংখ্যা কমিয়ে টিম করে প্রশিক্ষণ পরিচালনা করলে ভাল হয় মর্মে মতামত ব্যক্ত করেন।

৫। সভাপতি বলেন যে, বিপিআই এর কোর্স ফি জ্বালানি ও খনিজ সম্পদ বিভগের সিনিয়র সচিব , পেট্রোবাংলা ও বিপিসি এর চেয়ারম্যান সহ গভর্নিং বোর্ডের অন্যান্য সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতি ও সম্মতিতে নির্ধারণ করা হয়েছে। আপ্যায়ন, আবাসিক ও কোর্স সামগ্রীসহ অন্যান্য আনুষঙ্গিক খরচ বাদ দিয়ে প্রশিক্ষণ ফি নির্ধারণ করা হয়েছে। তাই কোর্স ফি কম-বেশী করে প্রশিক্ষণ পরিচালনা করা আপাতত সম্ভব নয়।

৬। বিপিআই এর পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) কোর্স পরিচালনার বিষয়ে বলেন যে, ইতোপূর্বে অনলাইনে অনুষ্ঠিত সকল প্রশিক্ষণ সম্পর্কে প্রশিক্ষণার্থীগণ প্রশংসা করেছেন। বিপিআই সব-সময় স্ব-স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও খ্যাতিমান প্রশিক্ষক দিয়ে প্রশিক্ষণ পরিচালনা করে থাকে। অনলাইন প্রশিক্ষণে বিপিআই প্রশিক্ষণার্থীদের সার্বক্ষনিক মনিটর করে থাকে। প্রশিক্ষণ পরিচালনার সময় প্রশিক্ষণার্থীগণ অমনোযোগী হলে সতর্ক করে অনলাইন প্রশিক্ষণের প্রটোকল মানার বিষয়ে জোর দেয়। তাছাড়া, গঠনমূলক যে কোনো সমালোচনা ও প্রস্তাবনা বিপিআই পরামর্শ হিসেবে গ্রহণ করে থাকে। তিনি আরও বলেন, ৩দিনের অনলাইন প্রশিক্ষণে প্রশিক্ষনার্থী মূল্যায়ন করা সম্ভব হয় না, তবে ইচ্ছা করলে প্রশিক্ষণে বিভিন্ন প্রতিষ্ঠান হতে কর্মকর্তারা যুক্ত হয়ে প্রশিক্ষণার্থীদের মনিটর করতে পারেন।

৭। জনাব মো: আকতার হোসেন, মহাব্যবস্থাপক, মেঘনা পেট্রোলিয়াম লি: কোর্স চলাকালীন প্রশিক্ষণার্থীদের ক্লাসে পাঠদানের সময় ক্লাসে অনুপস্থিত ও অমনোযোগী থাকে কিনা সে বিষয়ে রিপোর্ট প্রেরণের জন্য অনুরোধ করেন।

৮। সভাপতি প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীগণকে ক্লাসে অহেতুক কথা না বলা, অধিকতর মনোযোগী হওয়া, ক্লাশ চলাকালীন অন্য কোন কাজ থেকে বিরত থাকার পরামর্শ প্রদান করেন। বিপিআই অনেক অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে প্রশিক্ষণ পরিচালনা করে আসছে। বিপিআই কর্তৃপক্ষ যেমন ক্লাশ মনিটর করেন ঠিক তেমনি প্রশিক্ষণার্থী প্রেরণকারী প্রতিষ্ঠানের সভাকক্ষে বসে আলাদা ল্যাপটপ ব্যবহার করে প্রশিক্ষণার্থীগণ ক্লাস করলে এবং একজন উর্ধ্বতন কর্মকর্তা সে ক্লাসটি মনিটর করলে অনলাইন প্রশিক্ষণ আরও সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভব হবে বলে অভিমত ব্যক্ত করেন। তিনি আরও বলেন যে, কিছু কিছু কমন সমস্যা যেমন: কোভিড'১৯ সমস্যা, মেট্রোরেলের কাজ চলার কারণে ঢাকা সিটিতে ইন্টারনেট এর কার্যকারিতায় বিঘ্ন ঘটে তবুও নানা প্রতিকুলতার মধ্যে থেকেও বিপিআই অতিরিক্ত রাউটার"ব্যবহার করে অনলাইন প্রশিক্ষণ পরিচালনা করে আসছে। প্রশিক্ষণের শুরুতেই বিপিআই ক্লাসে প্রত্যেক প্রশিক্ষনার্থীকে অনুসরনীয় (Do's & Dont's) সম্পর্কে সচেতন করে থাকে। প্রশিক্ষণে শৃংখলার বিষয়ে অংশীজনী প্রতিষ্ঠানসমূহকে প্রশিক্ষণার্থীদেরকে অবহিত করণের জন্য তিনি অনুরোধ জ্ঞাপন করেন।

৯। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সুপারিশসমূহ গৃহীত হয়:

(ক) প্রশিক্ষণ সম্পর্কিত প্রশিক্ষণার্থীদের মুল্যায়ন শীট উপমহাব্যবস্থাপক (এইচ. আর), পেট্রোবাংলা এর নিকট প্রেরণ করা যেতে পারে।

(খ) কোন অভিযোগ পাওয়া গেলে তা দ্রুত নিষ্পত্তির জন্য পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/
(এ কে মহিউদ্দিন আহমদ )
মহাপরিচালক
ফোন: ৮৯৩৩৩৩৪

নং-২৮.০৪.০০০০.০০৪.২৪.০০৭.১৮-৫০৩

তারিখ : ২৯ নভেম্বর, ২০২০
১৪ অগ্রহায়ণ, ১৪২৭

প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ,ঢাকা (সদয় অবগতির জন্য)।
[দৃষ্টি আকর্ষণ : যুগ্ম সচিব (প্রশাসন)]

২) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (সদয় অবগতির জন্য)।

৩) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) (সদয় অবগতির জন্য)।

৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।

৫) মহাপরিচালক , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৬) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট।

৭। জনাব মাহবুবা ফারজানা, পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৮) প্রধান বিস্ফোরক পরিদর্শক, প্রধান বিস্ফোরক পরিদর্শকের কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা।

৯) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স)।

১০) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।

১১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড।

১২) ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।

১৩) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল)।

১৪) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।

১৫) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।

১৬) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিমিটেড।

১৭) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড।

১৮) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।

১৯) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড।

১৮) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড।

২০) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড (বিসিএমসিএল)।

২১) ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড।

২২) ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।

২৩) ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানি লিমিটেড।

২৪) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন রিফাইনারী লিমিটেড।

২৫) ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড।

২৬) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড।

২৭। জনাব মো: সামসুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

২৮। জনাব মো: সাহিদুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

২৯। জনাব মো: হারুন-অর-রশীদ, সহকারী পরিচালক (প্রশাসন শাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৩০। জনাব মো: নুরে আলম শিকদার, সহকারী পরিচালক (ভান্ডার শাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৩/১২/২০২০

**( মাহবুবা ফারজানা )**
পরিচালক (যুগ্ম সচিব)
ফোন: ০২-৪১০৯০০৩৫
ফ্যাক্স: ৮৯৩৩৩৩৬